

তারিখ: 01/03/2016

শ্রী বি. পি. কানুনগো : নতুন আর বি আই নির্বাহী নির্দেশক (এক্সিকিউটিভ ডিরেক্টর)

শ্রী বি. পি. কানুনগো আজ রিজার্ভ ব্যাংকে নতুন নির্বাহী নির্দেশক-এর দায়িত্ব নিলেন। তিনি বিদেশী মুদ্রা বিনিময় বিভাগ, সরকারী ও ব্যাংক হিসাব (একাউন্ট) বিভাগ এবং অভ্যন্তরীণ ঋণ প্রবন্ধন বিভাগ সমূহের কাজকর্ম পরিচালনা করবেন।

শ্রী কানুনগো, একজন বিশিষ্ট কেন্দ্রীয় ব্যাংক প্রশাসক, নির্বাহী নির্দেশক-এর দায়িত্ব নেওয়ার আগে বিদেশী মুদ্রা বিনিময় বিভাগ—এর দায়িত্বপ্রাপ্ত ছিলেন। এর পূর্বে তিনি জয়পুর এবং কোলকাতার ক্ষেত্রীয় নির্দেশকের দায়িত্ব পালন করেছেন এবং ছত্তিসগড় সহ মধ্যপ্রদেশের ব্যাংকিং লোকপাল ছিলেন।

শ্রী বি. পি. কানুনগো, একজন কলা বিভাগের স্নাতকোত্তর, ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ব্যাংকার্স—এর শংসাপত্রপ্রাপ্ত সহযোগী (সার্টিফায়েড এসোসিয়েট)। তিনি বিশ্ববিদ্যালয় থেকে আইনশাস্ত্রের উপাধিও (LLB) লাভ করেছেন।

প্রেস প্রকাশনী : 2015-2016/2053

আল্লনা কিল্লাওয়লা

মুখ্য উপদেষ্টা